৩/৮/২০০৩

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ... ৬ ......

# ল্যাবরেটরি স্কুলের ৯ শিক্ষক বদলি

যুগান্তর রিপোর্ট

ধানমণ্ডির গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের নয়জন সিনিয়র শিক্ষককে একযোগে দেশের বিভিন্ন স্কুলে বদলি করা হয়েছে। এদের মধ্যে সাতজনই হচ্ছেন বিজ্ঞানের শিক্ষক।

সূত্র জানায়, বদলির পর ওইসব পদে এখন পর্যন্ত কোন শিক্ষক এই স্কুলে যোগদান

## বদলি : ৯ শিক্ষক

(৩ পৃষ্ঠার পর)

করেননি। একসঙ্গে নয়জন শিক্ষককে বদলি করার ফলে লেখাপড়ায় সাময়িকভাবে হলেও বিঘ্ন ঘটছে। নয় শিক্ষককে বদলি করার ফলে অভিভাবকরা চিন্তিত হয়ে পড়েছেন। বছরের মাঝামাঝি সময়ে বদলি ছাত্রদের মাঝেও বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এই বদলির ফলে অনেক শিক্ষককে অতিরিক্ত ক্লাস নিতে হচ্ছে। এই নয়জন শিক্ষকের মধ্যে কাউকে সুদূর বকশিগঞ্জ, হাতিয়া এবং ফরিদপুরে বদলি করা হয়েছে। গত ২৫ জুলাই এক অফিস আদেশে শিক্ষা অধিদফতর এই বদলির নির্দেশ পাঠায়।